



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর
বেসরকারি কলেজ শাখা
www.dshe.gov.bd
ঢাকা



স্মারক নম্বর: ৩৭.০২.০০০০.১০৫.০৪.০০৫.১৯.৬১

তারিখ: ৩ ফাল্গুন ১৪২৭

১৬ ফেব্রুয়ারি ২০২১

বিষয়: কিশোরগঞ্জ জেলার পৌর মহিলা কলেজ-এর প্রভাষক জনাব মোঃ সাইদুর রহমান উক্ত কলেজের
অধ্যক্ষ জনাব শরীফ সাদি এর বিরুদ্ধে এমপিও না করানোর অভিযোগ

কিশোরগঞ্জ জেলার পৌর মহিলা কলেজ-এর প্রভাষক জনাব মোঃ সাইদুর রহমান উক্ত কলেজের অধ্যক্ষ জনাব শরীফ
সাদি এর বিরুদ্ধে এমপিও না করানোর অভিযোগ করেন।

অভিযোগটি তদন্ত করে প্রতিবেদন দাখিল করার জন্য পরিচালক ও উপপরিচালক (কলেজ), আঞ্চলিক কার্যালয়,
ময়মনসিংহকে তদন্ত কর্মকর্তা নিয়োগ করা হয়। তদন্ত কর্মকর্তা প্রতিবেদন দাখিল করেন।

এমতাবস্থায়, বর্ণিত বিষয়ে তদন্ত কর্মকর্তার মতামতের প্রেক্ষিতে নিম্নোক্ত কার্যক্রম গ্রহণ করার জন্য নির্দেশক্রমে অনুরোধ
করা হলো।

১। সার্বিক তথ্যাদির বিশ্লেষণে এবং মাউশি অধিদপ্তরের ১৭/০৯/২০১৯খ্রি. তারিখের সুস্পষ্ট মতামত অনুসারে উক্ত
কলেজের উদ্ভিদ বিজ্ঞান বিষয়ের প্রভাষক জনাব মোঃ সাইদুর রহমান এর পরবর্তী এমপিও এর আবেদনাদি অগ্রায়নের
নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

২। মাউশির সুস্পষ্ট নির্দেশনা সত্ত্বেও অধ্যক্ষ সংশ্লিষ্ট শিক্ষকের এমপিওর আবেদন অগ্রায়ন না করা, সময় ক্ষেপন করা এবং
শুরুতে যোগদানে বাধাগ্রস্থকতার জবাব ০৫ (পাঁচ) কর্মদিবসের মধ্যে দাখিল করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

৩। অধ্যক্ষকে অনেক পূর্বে পত্র দেয়া হলেও বক্তব্যের পক্ষে যথাযথ কাগজপত্রাদি সংযোজন না করার কারণ দর্শানো জবাব
০৫ (পাঁচ) কর্মদিবসের মধ্যে দাখিল করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

১৬-২-২০২১

মোঃ আবদুল কাদের

সহকারী পরিচালক

অধ্যক্ষ, পৌর মহিলা কলেজ, কিশোরগঞ্জ।